## বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল তেজগাঁও, ফার্মগেট, ঢাকা-১২১৫

## স্থানীয় নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক কৃষি গবেষণা ফাউন্ডেশন-এর অর্থায়নে বাস্তবায়নাধীন "Capacity Building for Conducting Adaptive Trials on Seaweed Cultivation in Coastal Areas" শীর্ষক প্রকল্পে সর্বসাকুল্য বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত পদে চুক্তিভিত্তিক (প্রকল্প মেয়াদকাল পর্যন্ত) নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। প্রকল্পের মেয়াদ জুন, ২০১৭ খ্রিঃ পর্যন্ত।

পদের নাম	সর্বসাকুল্য বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
অফিস সহকারী-	টাকা ২৭,০০০/-	১ (এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্লাতক বা সমমানের
কাম কম্পিউটার অপারেটর			পরীক্ষায় পাস। কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপের ন্যুনতম গতি যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজ করার বাস্তব অভিজ্ঞতাসহ কম্পিউটারে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
অফিস সহায়ক	টাকা ১২,০০০/-	১ (এক) টি	এসএসসি পাশ। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।

## শর্তাবলী ঃ

- ১) প্রার্থীর নাম, পিতার/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নিজ জেলার নাম, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয় পরিচয় পত্রের নম্বর, জাতীয়তা ও ধর্ম উল্লেখপূর্বক সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ২৬/০১/২০১৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় অপরাহ্ন ৫:০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র নিমুশ্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে। উল্লেখিত তারিখের পর কোন আবেদনপত্র গৃহিত হবে না।
- ২) আবেদনপত্রের সহিত অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সমর্থনে সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সনদপত্র ও স্ব-স্ব ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট হইতে স্থায়ী বাসিন্দার সমর্থনে প্রত্যায়নপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- ৩) চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারীর বয়স ২৬/০১/২০১৬ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। প্রকৃত মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর। তবে প্রকল্পে চাকুরির অভিজ্ঞতাসহ কম্পিউটার ব্যবহারে দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে এফিডেভিট প্রহণযোগ্য হবে না।
- 8) সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা (মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যা, শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যা, মহিলা, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী) প্রচলিত নিয়মে সংরক্ষিত থাকবে। কোন বিশেষ কোটায় অগ্রাধিকার পাওয়ার স্বপক্ষে আবেদনকারীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রমাণপত্র আবেদনপত্রের সাথে দিতে হবে।
- ৫) আবেদনপত্র প্রেরণের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৬) নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত পূরণ হয়নি এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষার জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- ৭) পদের সংখ্যা বাড়ানো/কমানো/নিয়োগ প্রক্রিয়া বন্ধ/বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী)
সদস্য-পরিচালক (শস্য)(রুটিন দায়িত্ব) ও
কো-অর্ডিনেটর, Adaptive Trials
on Seaweed প্রকল্প
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫।

## বিতরণঃ

- ১. সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
- নোটিশ বোর্ড: বিএআরসি, বিএআরআই, ব্রি, বিএসআরআই, বিজেআরআই, ডিএই, এআইএস, এসআরডিআই, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বঙ্গবয়ু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়।
- ৩. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
- 8. অফিস কপি।